

# বাংলাদেশ সুপ্রীম কোর্ট

হাইকোর্ট বিভাগ, ঢাকা।

তারিখঃ ০৫/০৭/২০০৭ খ্রি

## অফিস আদেশ

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাইতেছে যে, অত্র কোর্টের গত ১০/০৯/২০০২ খ্রি তারিখের ২-এ নং সার্কুলারের মাধ্যমে জেলা জজ ও জেলা জজ পদমর্যাদার অন্যান্য বিচারকগণ যাহারা বিভিন্ন ট্রাইব্যুনাল/ আদালতে কর্মরত আছেন তাঁহাদেরকে জানানো হইয়াছিল যে, তাহারা নিজের নৈমিত্তিক ছুটি মঞ্জুর করতঃ কর্মস্থল ত্যাগের কমপক্ষে ২(দুই) দিন পূর্বে উক্ত বিষয়ে রেজিস্ট্রার, সুপ্রীম কোর্ট-কে লিখিতভাবে জানাইবেন।

সম্প্রতি লক্ষ্য করা যাইতেছে যে, জেলা জজ ও জেলা জজ পদ মর্যাদার বিচারকগণ উক্ত সার্কুলার অনুযায়ী ২(দুই) দিন পূর্বে নৈমিত্তিক ছুটি ও কর্মস্থল ত্যাগের বিষয়টি লিখিতভাবে রেজিস্ট্রার-কে অবহিত করিতেছেন না। বরং নৈমিত্তিক ছুটি ও কর্মস্থল ত্যাগ সংক্রান্ত স্মারকটি সার্কুলারের উল্লিখিত সময়ে প্রেরণ না করায় কোন কোন ক্ষেত্রে ৮/১০ দিন পর রেজিস্ট্রারের হস্তগত হয়। যাহা উক্ত সার্কুলারের পরিপন্থী।

আরও লক্ষ্য করা যাইতেছে যে, বিভিন্ন জেলায় জেলা জজ পদ মর্যাদার অন্যান্য যে সকল বিচারক বিভিন্ন ট্রাইব্যুনাল/ আদালতে কর্মরত আছেন, তাঁহারা নিজেদের নৈমিত্তিক ছুটি ভোগের পূর্বে জেলার দায়িত্বে নিয়োজিত জেলা জজের সহিত কোনরূপ আলোচনা ব্যতীত তাহাদের অধস্তন কর্মচারীর মাধ্যমে ছুটির বিষয়টি জেলা জজকে অবহিত করাইয়া কর্মস্থল ত্যাগ করেন। এই ধরনের কর্মকাণ্ডও অনভিপ্রেত।

সুপ্রীম কোর্টের রেজিস্ট্রার-কে অনেক গুরুত্বপূর্ণ প্রশাসনিক কাজে ব্যস্ত থাকিতে হয় বিধায় এখন হইতে জেলা জজ ও জেলা জজ পদমর্যাদার বিচারকগণ তাহাদের নৈমিত্তিক ছুটি ও কর্মস্থল ত্যাগের বিষয়ে রেজিস্ট্রারের সহিত টেলিফোনে যোগাযোগ করিতে না পারিলে সেই ক্ষেত্রে অতিরিক্ত রেজিস্ট্রার-১কে টেলিফোনের মাধ্যমে বিষয়টি অবগত করিবেন। অপরদিকে জেলায় কর্মরত জেলা জজ পদ মর্যাদার অন্যান্য বিচারকগণ নৈমিত্তিক ছুটিসহ কর্মস্থল ত্যাগের পূর্বে জেলার দায়িত্বে নিয়োজিত জেলা জজ-কে ব্যক্তিগতভাবে উক্ত ছুটি ও কর্মস্থল ত্যাগের বিষয়টি অবহিত করিবেন। তবে অত্র কোর্টের ১০/০৯/২০০২ খ্রি তারিখের ২-এ নং সার্কুলার অনুযায়ী নৈমিত্তিক ছুটি ও কর্মস্থল ত্যাগের ক্ষেত্রে ২(দুই) দিন পূর্বে অবশ্যই রেজিস্ট্রার, সুপ্রীম কোর্ট-কে লিখিত ভাবে অবহিত করিবার জন্য নির্দেশ প্রদান করা হইল।

আদেশক্রমে

স্বা/-

(ইকতেদার আহমেদ)

রেজিস্ট্রার।